

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি : বিভিন্ন অপরাধে ০১ টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- টাকা জরিমানা

যশোর, ১৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যশোর জেলা কার্যালয় কর্তৃক আজ একটি তদারকিমূলক বাজার অভিযান জেলা সদরের রেলবাজার এলাকায় পরিচালিত হয়। এসময় বিস্কুট ও কেকের মোড়কের গায়ে উৎপাদনের তারিখ দুই দিন বেশি করে দেখানো (১৮.১১.২০১৯ এর পরিবর্তে ২০.১১.২০১৯), বিস্কুট ও পাউরুটির প্যাকেটের গায়ে উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ ও সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকা এবং নোংরা পরিবেশে খাদ্যদ্রব্য তৈরী করার অপরাধে যশোর মখুবন বেকারী-কে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় প্রশাসনিক ব্যবস্থায় ১২,০০০/- (বারো হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি এ ধরনের ভোক্তা-অধিকার বিরোধী কাজের পুনরাবৃত্তি ঘটলে কঠোর পদক্ষেপ নেয়া হবে মর্মে অভিযুক্ত প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়। জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে অভিযুক্ত প্রতিষ্ঠান পরিশোধ করেন। অভিযান পরিচালনাকালে ব্যবসায়ী এবং উপস্থিত জনসাধারণের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং সকলকে ভোক্তা-অধিকার বিরোধী কার্যাবলী হতে বিরত থাকার অনুরোধ করা হয়। অভিযানটি পরিচালনা করেন যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ ওয়ালিদ বিন হাবিব, সার্বিক সহযোগিতায় ছিলেন কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), যশোর-এর প্রতিনিধি জনাব মোঃ আব্দুর রকিব সরদার এবং নিরাপত্তায় ছিলেন সদর (কোতয়ালী) থানা পুলিশের একটি টিম।



১৪.১১.২০১৯

মোঃ ওয়ালিদ বিন হাবিব

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

যশোর জেলা কার্যালয়, যশোর।